

অতি জনপ্রী বিশেষ বাহক মারফত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য মন্ত্রণালয়
মাননীয় মন্ত্রীর দপ্তর
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্বারক নং-তম/তমদ/বিবিধ-১০/২০১৩/২১৪৪ তারিখ : ২৬ আগস্ট ১৪২০
১০ জুলাই ২০১৩

বিষয় : অধিকার প্রকাশিত 'হেফাজতে ইসলাম, বাংলাদেশ' এর সমাবেশ এবং মানবাধিকার লংঘন' শীর্ষক তথ্যানুসন্ধান প্রতিবেদন এর কপি প্রেরণের অনুরোধ।

ପ୍ରିୟ ମହୋଦୟ,

সংবাদ গগমাধ্যমে দেখেছি আপনাদের সংগঠন গত ২০ জুন ২০১৩ ‘হেফাজতে ইসলাম বাংলাদেশ এর সমাবেশ এবং মানবাধিকার লংঘন’ শীর্ষক তথ্যানুসন্ধান প্রতিবেদন প্রকাশ করেছে। আপনাদের প্রতিবেদনে উল্লেখ করেছেন, আপনাদের চলমান অনুসন্ধানের একটি হাথামিক পদক্ষেপ তিসাবে ৫মে দিবাগত রাতে শাপলা চতুরে হেফাজতে ইসলামের সমাবেশ ছ্রিভঙ্গ করার আইন শৃঙ্খলা রক্ষা বাহিনীর অভিযানে নিহত ৬১ জনের নাম সংগ্রহ করেছেন। কিন্তু পুলিশ বিভাগ থেকে ৫ মে ২০১৩ সারাদিনে আইনশৃঙ্খলা রক্ষাবাহিনীর সাথে হেফাজত ইসলামের সংঘর্ষে ১জন পুলিশসহ সর্বমোট ১১জন নিহত হয়েছেন এবং রাতে শাপলা চতুরের সমাবেশ ছ্রিভঙ্গ করার অভিযানে একজনও নিহত হননি বলে জানিয়েছে। ৬ ও ৭ মে, ২০১৩ তারিখে প্রকাশিত দৈনিক নয়াদিগন্ত, দৈনিক সংগ্রাম, দৈনিক ইনকিলাবসহ অন্যান্য জাতীয় দৈনিকের প্রকাশিত বিভিন্ন রিপোর্ট তন্ত্রজ্ঞ করে খুঁজেও ঐদিন সর্বমোট ১৬ জনের বেশি নিহত হওয়ার কোন খবর পাওয়া যায়নি। ৫ মে ২০১৩ সারাদিন ও দিবাগত রাতে হেফাজতের সমাবেশকে কেন্দ্র করে আইন শৃঙ্খলা রক্ষাবাহিনী ও হেফাজতের সংঘর্ষে নিহতের সংখ্যা নিয়ে বিভাস্তি তৈরি হয়েছে। শাপলা চতুরে হেফাজতে ইসলামের সমাবেশকে কেন্দ্র করে নিহত সংখ্যা নিয়ে যে বিভাস্তি তৈরি হয়েছে, তা আরও গভীরভাবে অনুসন্ধান করে নিহত প্রকৃত সংখ্যা ও ঘটনা জনগণের সামনে প্রকাশে সরকার আন্তরিক। সরকারের এ কাজে আপনাদের প্রকাশিত তথ্যানুসন্ধান প্রতিবেদনটি প্রয়োজনীয় হবে বলে আশা করি।

অনুগ্রহপূর্বক আপনাদের উল্লেখিত শাপলা চতুরে নিহত ৬১ জনের নাম, তাদের পিতা-মাতার নাম, ঠিকানাসহ পর্ণাঙ্গ প্রতিবেদনটির কপি পাঠিয়ে বাধিত করবেন।

ଶ୍ରୀକୃତ୍ୟାନ୍ତିକ


(মোঃ শহীদুল হক ভঁওয়া)
মাননীয় মন্ত্রীর একান্ত সচিব (উপ-সচিব)

মাননীয় মন্ত্রীর একান্ত সচিব (উপ-সচিব)

ତଥ୍ୟ ମନ୍ତ୍ରଗାଲ୍ୟ

ଫୋନ୍: ୯୫୪୦୦୧୩ ।

জনাব নাসিরউদ্দিন এলান
পরিচালক
অধিকার
বাড়ি ৩৫, সড়ক ১১৭
গুলশান, ঢাকা।
ফ্যাক্ট্রি : ৯৮৮৬২০৪